

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬০১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে কারণে তিনি এই সিয়াম রাখতে নিষেধ করেছেন, তার বিবরণ

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا نَهَى عَنْهُ

আরবী

3601 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حدثنا أبو خيثمة قال: حدثنا جرير عن عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ رَجُلٍ مِنْ بَنِي الْحَارِثِ بْنِ كَعْبِ يُقَالُ لَهُ: أَبُو الْأَوْبَرِ قَالَ: كُنْتُ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ رَجُلٍ مِنْ بَنِي الْحَارِثِ بْنِ كَعْبِ يُقَالُ لَهُ: أَبُو الْأَوْبَرِ قَالَ: كُنْتُ قَاعَدًا عِنْدَ أَبِي هُرَيْرَةَ إِنْ جَاءَهُ رَجُلٌ فَقَالَ: إِنَّكَ نَهَيْتَ النَّاسَ عَنْ صِيَامٍ يَوْمِ الْجُمُعَةِ قَالَ: وَلَكِنِي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه مَا نَهَيْتُ النَّاسَ أَنْ يَصُومُوا يَوْمَ الْجُمُعَةِ؛ فَإِنَّهُ يَوْمُ عيدٍ؛ إلا أن تَصِلُوهُ بأيامٍ) وسلم يقول: (لَا تَصُومُوا يَوْمَ الْجُمُعَةِ؛ فَإِنَّهُ يَوْمُ عيدٍ؛ إلا أن تَصِلُوهُ بأيامٍ) الراوي : أَبُو الْأَوْبَرِ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1360 اخلاصة حكم المحدث: شاذّ بذكر العيد - ((الضعيفة)) الصفحة أو الرقم: 1360 اخلاصة حكم المحدث: شاذّ بذكر العيد - ((الضعيفة)) قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صلى الله عليه وسلم (بأَيَّام) يُرِيدُ بِهِ بَعْضَ الْأَيَّام.

বাংলা

৩৬০১. আবুল আওবার থেকে বর্ণিত, তিনি বলেন, "আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে বসে ছিলাম, এমন সময় এক ব্যক্তি তার কাছে এসে বলেন, "নিশ্চয়ই আপনি লোকদেরকে জুমুআর দিন সিয়াম রাখতে নিষেধ করেন!" আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু জবাবে বলেন, "আমি লোকদেরকে জুমু'আর দিন সিয়াম রাখতে নিষেধ করিনি বরং আমি রাসূল সাল্লাল্লাহু আলোইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "তোমরা জুমু'আর দিন সিয়াম রাখবে না। কেননা এটি ঈদের দিন। তবে যদি তোমরা তার সাথে অন্য দিনও সিয়াম রাখো (তাহলে অসুবিধা নেই)।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "অন্যান্য দিন" এর দ্বারা উদ্দেশ্য হলো অন্য কোন দিন।"



ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮০৬; আত তায়ালিসী: ২৫৯৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৪৫; মুসনাদ আহমাদ: ২/৩৬৫; তাহাবী: ২/৭৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২১৬১; হাকিম: ১/৪৩৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১০১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন